



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ জানুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

### মাটিরঙ্গায় নিরীহ যুবককে আটকের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) মাটিরঙ্গা-গুইমারা অঞ্চলের সংগঠক সচিব চাকমা আজ বুধবার ১৬ জানুয়ারি ২০১৯ এক বিবৃতিতে মধু রঞ্জন ত্রিপুরা নামে এক নিরীহ যুবককে ইউপিডিএফ কর্মী আখ্যায়িত করে গ্রেফতারের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তার নিঃশর্ত মুক্তি দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, ‘খাগড়াছড়ি জেলার মাটিরঙ্গা উপজেলাধীন বড়নাল ইউনিয়নের ময়দাছড়া গ্রামের বাসিন্দা ও লক্ষ্মী রঞ্জন ত্রিপুরার ছেলে মধু রঞ্জন ত্রিপুরাকে মঙ্গলবার প্রথমে রাত ১১টায় ও পরে ১টায় বাইল্যাছড়ি ১ নং রাবার বাগানে পাহাড়ি ছাত্র পরিষদের নেতা অনিমেষ চাকমাদের বাড়িতে নেয়া হয়।

‘এরপর নিরাপত্তা বাহিনীর সদস্যরা অনিমেষ চাকমার বাবাকে জিজ্ঞেস করে তিনি মধু রঞ্জন ত্রিপুরাকে চেনেন কীনা। তিনি চেনেন না বলে উত্তর দিলে নিরাপত্তা বাহিনীর সদস্যরা বলে যে সে একজন ইউপিডিএফের কর্মী।

‘পরে তার হাতে একটি দেশীয় এলজি গুঁজে দিয়ে ও তাকে চাঁদাবাজ আখ্যায়িত করে গুইমারা থানায় সোপর্দ করা হয়।’

নিরাপত্তা বাহিনীর সদস্যরা মধু রঞ্জন ত্রিপুরাকে বাইল্যাছড়ি থেকে আটক করা হয়েছে বলে প্রচার করলেও তা আসলে সত্য নয় এবং তিনি ইউপিডিএফ-এর সদস্য কিংবা কর্মী নন বলে সচিব চাকমা দাবি করেছেন।

তিনি এভাবে ইউপিডিএফ কর্মী সন্দেহে নিরীহ পাহাড়িকে আটকের ঘটনাকে চরম মানবাধিকার লঙ্ঘন ও আইনের শাসনের পরিপন্থী কাজ বলে মন্তব্য করেন এবং অবিলম্বে এ ধরনের ঘটনা বন্ধের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।